

## কওমি মাদ্রাসার ৩২তম কেন্দ্রীয় পরীক্ষার ফল ঘোষণা পাসের হার ৬৬.৪৫ শতাংশ

### যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০০৯ সালের বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের ৩২তম কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। এবছর ৭টি স্তরে মোট ৩৫ হাজার ৭২৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ২৩ হাজার ৭৪৩ জন। পাসের হার ৬৬ শতাংশ ৪৫।

তাকমিল, ফখিরত, সানাবিয়া উলইয়া মুতাওয়াসসিতাহ, ইবতিদাইয়াহ, ইলমুল কিরআত ওয়াত তাকবির, হিফতুল কোরআন— এই ৭টি স্তরে মাদ্রাসার ২০০টি পুরুষ ও ৯৭টি মহিলা কেন্দ্রে ২৬ ছুলাই পরীক্ষা অনুষ্ঠিত হয়। ২৪টি পরীক্ষক দল মাদ্রাসে ৯৬টি কেন্দ্রে হিফতুল কোরআন (হিফত সমাপনী) পরীক্ষা গ্রহণ করে। এছাড়া ২২টি পরীক্ষক দল নাজিরা (কোরআন পরীক্ষা যৌথিক) পরীক্ষা গ্রহণ করে। একটি পরীক্ষক দল ইলমুল কিরআত ওয়াত তাকবিরের পরীক্ষা গ্রহণ করে। এ পরীক্ষায় ৭টি স্তরে ৩৫ হাজার ৭২৭ জন পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে পুরুষ

২৮ হাজার ৭৩৩ আর মহিলা ৭ হাজার ৯ জন। তাকমিল স্তরে মোট পুরুষ উত্তীর্ণের সংখ্যা ২ হাজার ৪৬০ জন, পাসের হার ৭৫.৩২। মহিলা শিক্ষার্থীদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ৭১১ জন, পাসের হার ৬৭.০৪। ফখিরত স্তরে (পুরুষ) উত্তীর্ণের সংখ্যা ১ হাজার ৭১৭ জন, পাসের হার ৬৬.৫৫। মহিলা উত্তীর্ণের সংখ্যা ৬৩৩ জন, পাসের হার ৫৮.৮২। সানাবিয়া উলইয়া স্তরে পুরুষ উত্তীর্ণের সংখ্যা ১ হাজার ৮২৫ জন, পাসের হার ৬৩.৬১। মহিলার সংখ্যা ১৯২ জন, পাসের হার ৪৬.১৫ শতাংশ। মুতাওয়াসসিতাহ স্তরে পুরুষ উত্তীর্ণের সংখ্যা ৪ হাজার ৭৭০ জন, পাসের হার ৭১। মহিলা উত্তীর্ণের সংখ্যা ১ হাজার ১৩২ জন, পাসের হার ৫২.০৫। ইবতিদাইয়াহ স্তরে মোট পুরুষ উত্তীর্ণের সংখ্যা ৪ হাজার ৪১৬ জন, বাস্তব উত্তীর্ণের সংখ্যা ১ হাজার ২৫ জন। পাসের হার ৪৬.৪৮। ইলমুল কিরআত ওয়াত তাকবির স্তরে পুরুষ উত্তীর্ণের সংখ্যা ২২৩ জন, পাসের হার ৮৯.২০। হিফতুল কোরআন বিভাগে বালক উত্তীর্ণের সংখ্যা ৪ হাজার ৫৭৯ জন, পাসের হার ৮১.২৭।

তাকমিল (মাস্টার ডিগ্রি) পরীক্ষায় পুরুষ বিভাগে মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে রয়েছেন মুহাম্মদ ফরীদুল্লাহ, ওসমান গণী, আব্দুল হামিদ, গোলাম কিবরিয়া, আমিনুল ইসলাম, মুশফিকুর রহমান, ইমরান হোসাইন, গামদুল হক, নুরুল্লাহ, তোফায়েল আহমেদ, মুম্বিনুল্লাহ, ফখরুল ইসলাম, সাইমুল ইসলাম, আনানুজ্জামান, মুশাহিদুল ইসলাম, অরিকুল ইসলাম। ফখিরত বিভাগের মেধা তালিকাপ্রাপ্ত শিক্ষার্থীদের রোল নম্বরগুলো হল— ১১১৬, ১১০৮, ১৫০২, ৮৫০, ১৫৩০, ৬৪৪, ৮৫১, ১১০৪, ১৩০, ৫৩৬, ১১০২, ৮৪৯, ১১১৪, ৯৮, ১১৬৩, ১৫৩৫।